# PRESIDENCY UNIVERSITY

House-11/A, Road 92, Gulshan – 2, Dhaka – 1212

E-mail: registrar@pu.edu.bd , website: www.pu.edu.bd


স্মারক নং-পিইউ/রেজিঃঅফিঃ/নোটিশ-ধূ:তা:দ্র:ব্য:/২০২৬/ফাঃনঃ-৭৪(৫৩)     তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

## নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে **"ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২৬"-এর ধারা ৫-এর উপ-ধারা (৩)**-এর বিধান যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী, ক্লাব/সংগঠন এবং অনুষ্ঠান/কর্মসূচির আয়োজকদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উক্ত আইনের ধারা ৫(৩)-এ বলা হয়েছে -

**"(৩) অন্য কোনো আইনে যাহা কিছু থাকুক না কেন, সামাজিক দায়বদ্ধতা কর্মসূচির (Corporate Social Responsibility) নামে কোনো তামাক বা তামাকজাত দ্রব্যের উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম, সাইন, ট্রেডমার্ক ও প্রতীক ব্যবহার করা যাবে না এবং কোনো তামাকজাত পণ্য বা তামাকজাত দ্রব্যের প্যাকেট বা মোড়ক ব্যবহার করে কোনো অনুষ্ঠান বা কর্মসূচির নামে কোনো প্রকার সহায়তা প্রদান করা যাবে না।"**

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের কোনো অনুষ্ঠান, কর্মসূচি বা সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমে উপরোক্ত আইনের বিধান পরিপন্থী কোনো কার্যক্রম গ্রহণ, প্রচার, ব্যবহার বা সহায়তা প্রদান থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

০৭/০৯/২৬

মোঃ সাকির হোসেন
রেজিস্ট্রার
প্রেসিডেন্সী ইউনিভার্সিটি

Md. Sakir Hossain
Registrar
Presidency University

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় উপাচার্য, প্রেসিডেন্সী ইউনিভার্সিটি।
২। সকল ডিন, প্রেসিডেন্সী ইউনিভার্সিটি।
৩। সকল বিভাগীয়/শাখা প্রধান, প্রেসিডেন্সী ইউনিভার্সিটি।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, প্রেসিডেন্সী ইউনিভার্সিটি।
৫। প্রক্টর, প্রেসিডেন্সী ইউনিভার্সিটি।
৬। অফিস কপি।